যে ওয়েব ব্রাউজারগুলোর কথা সম্ভবত আপনি কখনো শোনেননি

মোখলেসুর রহমান স্বপন

বাজারে এমন অনেক বিকল্প ব্রাউজার আছে যেগুলো ফায়ারফক্স বা ইন্টারনেট এক্সপ্লোরারের সঙ্গে পাল্লা দেয়ার মত। আসুন, এমন কয়েকটি ব্রাউজারের খোঁজ নেয়া যাক।

১। স্টেইনলেস

ওয়েব ঠিকানাঃ www.stainlessapp.com/

গুগল ক্রোম-এর বিকল্প হিসেবেই মূলত স্টেইনলেস-এর আবির্ভাব। ক্রোম-এর মতই এটি



মাল্টি প্রসেসিং আর্কিটেকচার ব্যবহার করে, তবে ক্রোম বা অনান্য ব্রাউজারে পাওয়া যাবে না এমন কিছু বৈশিষ্ট্যও এতে আছে। তার মধ্যে সবচেয়ে উল্লেখযোগ্য হচ্ছে, দুটো ট্যাবের অধীনে দুটো ভিন্ন পরিচয়ে একই ওয়েব সাইটে লগ ইন করার সুবিধা। ভিন্ন ট্যাবে ভিন্ন পরিচয়ে একই সাইটে ঢোকার সুবিধার কারণে অনেকেই এ ব্রাউজারটিকে পছন্দ করেন।

বর্তমান ভারসনঃ ০.৭.৫

যেসব অপারেটিং সিস্টেম সাপোর্ট করেঃ ম্যাক ওএসএক্স ও স্নো লেপার্ড

২। ম্যাক্সথন

ওয়েব ঠিকানাঃ www.maxthon.com

ব্যবহারকারীর নিজের মনের মত করে কনফিগার করার উপযোগী এ ব্রাউজারটি নিরাপত্তার ওপর



প্রচুর জোর দেয়। এটিতে একটি বিল্ট-ইন অ্যাড হান্টার আছে যেটি বেশির ভাগ বিজ্ঞাপন, স্পাইঅ্যার ও ভাইরাসকে ঠেকিয়ে দিতে পারে। ব্যবহারকারী নিজের মত করে ব্রাউজিং অভিজ্ঞতা উপভোগের জন্য ম্যাক্সথনকে কাস্টমাইজ করে নিতে পারে, এতে আছে ১৪০০-র মত প্লাগ-ইন ব্যবহার করার সুবিধাও। আপত্তিকর বা বিরক্তিকর কনটেন্টকে ঠেকানোর জন্য এতে আছে ফিল্টারিং-এর সুবিধাও।

বর্তমান ভারসনঃ ২.৫.১১

অপারেটিং সিস্টেমঃ উইন্ডোজ

৩। স্লেইপনির

ওয়েব ঠিকানাঃ www.fenrir-inc.com /us/sleipnir.com

তথ্য প্রযুক্তিতে বিশ্বের অন্যতম অগ্রসর দেশ জাপানে কোন ব্রাউজারটি সবচেয়ে জনপ্রিয় জানেন? ফায়ারফক্স, ইন্টারনেট এক্সপ্লোরার বা অপেরা কোনোটাই নয়। স্লেইপনির। এটিও

ম্যাক্সথনের মত ব্যাপকভাবে কাস্টমাইজেবল এবং প্রচুর কাস্টমাইজেশন সত্ত্বেও এর গতি এবং পারফরমেন্স রীতিমত ঈর্ষণীয়। এর নিরাপত্তা ও ব্যবহারযোগ্যতা গুণও অতুলনীয়।

বর্তমান ভারসনঃ ২.৯.২

যে অপারেটিং সিস্টেম সাপোর্ট করেঃ উইন্ডোজ

৪। সুইটফক্স

ওয়েব ঠিকানাঃ www.getswiftfox.com

সুইটফক্স-এর ভিত্তি হচ্ছে ফায়ারফক্স এবং এটিকে বিশেষভাবে অপটিমাইজ করা হয়েছে ফায়ারফক্স-



এর চাইতেও ভালভাবে কাজ করার জন্য। ফায়ারফক্সের সমস্ত প্লাগ-ইন এতেও ব্যবহার করা যায়, যা সুইটফক্সের সক্ষমতা বাড়িয়েছে। ইউজার ইন্টারফেস মোটামুটি ফায়ারফক্সের মতই, তবে ঝুটঝামেলাবিহীন এবং বাহুল্যমুক্ত। আপনি যদি ফায়ারফক্স পছন্দ করেন, তবে ফায়ারফক্সের চাইতেও দ্রুত গতির এবং অধিক কর্মক্ষমতাবিশিষ্ট একটি ব্রাউজারকে চান তাহলে সুইটফক্স আপনার জন্যই।

বর্তমান ভারসনঃ ৩.৫.৬

যে অপারেটিং সিস্টেমকে সাপোর্ট করেঃ লিনাক্স

৫। লুনাস্কেপ

ওয়েব ঠিকানাঃ www.lunascape.tv

লুনাস্কেপ মূলত একটি হাইব্রিড ব্রাউজার যেটি ফায়ারফক্স ও ইন্টারনেট এক্সপ্লোরারের প্লাগ ইন

ও অ্যাড-অন সাপোর্ট করার পাশাপাশি নিজস্ব অনেকগুলো প্লাগ-ইন ব্যবহারেরও সুযোগ করে দেয়। যারা এটি ব্যবহার করেছেন তাদের অনেকেই এ ব্রাউজারটির গতি ও নির্ভরযোগ্যতার প্রশংসা করেছেন।

বর্তমান ভারসনঃ ৬.০.১

যে অপারেটিং সিস্টেমকে সাপোর্ট করেঃ উইন্ডোজ

৬। কনকোয়েরর

ওয়েব ঠিকানাঃ www.konqueror.kde.org

কনকোয়েরর-এ স্থানীয় ও দূরবর্তী ফাইল ব্যবস্থাপনা (local and remote file



management) এবং ভিন্ন কোনো প্রোগ্রাম ওপেন করা ছাড়াই বিভিন্ন অ্যাপি-কেশন দেখার জন্য একটি চমৎকার ভিউয়িং অপশন আছে। কনকোয়েরর-এর আরো আছে একটি বিল্ট-ইন এফটিপি এবং WebDAV-এর জন্য সাপোর্ট। যেসব লিনাক্স ইউজার মাল্টিটাস্কিং করার উপযোগী একটি ব্রাউজার চান তাহলে কনকোয়েরর তাদের জন্যই।

যে অপারেটিং সিস্টেম সাপোর্ট করেঃ লিনাক্স।

৭। সিমাংকি

ওয়েব ঠিকানাঃ www.seamonkey-project.org

সিমাংকি-র নির্মাতা প্রতিষ্ঠান মজিলা। এটি মূলত একটি অল-ইন-ওয়ান ইন্টারনেট স্যুইট, যার

ভেতর আছে একটি ব্রাউজারও। ব্রাউজারটির সঙ্গে ফায়ারফক্সের যথেষ্ট মিল আছে বটে, তবে তার পাশাপাশি সিমাংকির মধ্যে ইমেইল, নিউজগ্রুপ, এইচটিএমএল এডিটর, আইআরসি চ্যাট এবং ওয়েব ডেভেলপমেন্ট টুলস সব কিছু একসঙ্গে থাকাটা হচ্ছে এর বিশেষ বৈশিষ্ট্য। ওয়েব ডেভেলপার এবং ডিজাইনারদের জন্য সিমাংকি-র ভেতর অনেকগুলো বিল্ট-ইন ফিচার আছে।

বর্তমান ভারসনঃ ২.০.১

যেসব অপারেটিং সিস্টেম সাপোর্ট করেঃ উইন্ডোজ, ম্যাক ওএসএক্স, লিনাক্স।

৮। অমনিওয়েব

ওয়েব ঠিকানাঃ www.omnigroup.com/ applications/omniweb

সর্বস্তরের ইন্টারনেট ব্যবহারকারীদের ওয়েব ব্রাউজিং চাহিদা পূরণের জন্য তৈরি হয়েছে এ



ব্রাউজারটি। একটি মানসম্মত ব্রাউজারে যেসব বৈশিষ্ট্য থাকা উচিত তার সবই আছে এতে - ট্যাব্ড ব্রাউজিং, বুকমার্ক, অ্যাড-ব-কিং ইত্যাদি। একই সঙ্গে আছে Workspaces, যার সাহায্যে আপনি পরবর্তী সময়ে কাজ করার উদ্দেশ্য নিয়ে বিভিন্ন ব্রাউজিং সেশনকে সেভ করে রাখতে পারবেন।

বর্তমান ভারসনঃ ৫.০.১

যে অপারেটিং সিস্টেমকে সাপোর্ট করেঃ ম্যাক ওএসএক্স। ■